দৈনিক
ইত্তেফাক

তারিখ 20 FEB 2016
পৃষ্ঠা ... কলাম ...

# ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

# এমফিল /পিএইচ ডি কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ৬৮/৩৫/(২০১৬-২০১৭)/ইবাসা তারিখ ঃ ১৭.০২.২০১৬ ইং

## শিক্ষাবর্ষঃ ২০১৬-২০১৭

ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস (আইবিএসসি) রাজশাহী বিশ্ববিদ্যালয়-এ দুই বছর মেয়াদী এমফিল ও তিন বছর মেয়াদী পিএইচ ডি ডিগ্রী কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে। জীব ও ভূ-বিজ্ঞান, কৃষি, চিকিৎসা এবং বিজ্ঞান অনুষদের জীববিজ্ঞানের গবেষণার সাথে সম্পৃক্ত যে কোন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্ত ব্যক্তিগণ এই প্রোগ্রামে আবেদন করতে পারবেন। ভর্তিপ্রাপ্ত গবেষকগণ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বিধি মোতাবেক এমফিল ৪০০০/- (চার হাজার) টাকা এবং পিএইচ ডি ৫০০০/- (পাঁচ হাজার) টাকা মাসিক ফেলোশীপ পাবেন।

আবেদনপত্রের সাথে সকল পরীক্ষার সনদপত্র, মার্কস সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ও রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে সর্বশেষ ডিগ্রীপ্রাপ্ত আবেদনকারীকে রেজিস্ট্রেশনের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। তবে, যারা অন্য বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রীপ্রাপ্ত হয়েছেন তাঁদেরকে অবশ্যই ভর্তির পর মাইগ্রেশন সার্টিফিকেট জমা দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে।

চাকুরীরত প্রার্থীকে এমফিল কোর্সে গবেষণার জন্য ১(এক) বছর এবং পিএইচ ডি'র জন্য ২(দুই) বছরের ছুটি পাবেন মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে সম্মতিপত্র অবশ্যই আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ভর্তিপ্রাপ্ত ফেলোগণকে ইনস্টিটিউটের বিধি অনুযায়ী মাসিক ফেলোশীপ প্রদান করা হবে। তবে ফেলোশীপ প্রাপ্তকালীন সময়ে চাকুরীরতদের ক্ষেত্রে পূর্ণকালীন ছুটিতে থাকতে হবে।

**ক. এমফিল কোর্সে ভর্তির যোগ্যতা ঃ**

১. প্রার্থীর অবশ্যই এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষার সনাতন পদ্ধতিতে যে কোনো একটিতে প্রথম বিভাগ অন্যটিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা গ্রেডিং পদ্ধতিতে উভয় পরীক্ষার প্রতিটিতে ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৪.২৫ থাকতে হবে।

এবং

২. বিজ্ঞান/জীব ও ভূ-বিজ্ঞান/কৃষি অনুষদভুক্ত বিভাগসমূহ থেকে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে বিএস-সি/বিএস-সি এজি (অনার্স)/সমমান এবং এমএস-সি/সমমান পরীক্ষার সনাতন পদ্ধতিতে পরীক্ষার যে কোন একটিতে ন্যূনতম ৫৫% ও অন্যটিতে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে অথবা গ্রেডিং পদ্ধতিতে সিজিপিএ ৪ স্কেলের মধ্যে উভয় পরীক্ষার একটিতে ন্যূনতম সিজিপিএ ৩.২৫ এবং অন্যটিতে ন্যূনতম সিজিপিএ ৩.০০ পেতে হবে।

অথবা

৩. এমবিবিএস/বিডিএস/ব্যাচেলর অব ইউন্যানি মেডিসিন এ্যান্ড সার্জারী/ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন ও সার্জারী পাস প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ৬০% নম্বর থাকতে হবে। ডিভিএম পরীক্ষায় উত্তীর্ণদের ক্ষেত্রে সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৬০% নম্বর অথবা গ্রেডিং পদ্ধতিতে ৪ স্কেলের মধ্যে উভয় পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ-৩.৫০ থাকতে হবে।

অথবা

৪. যে সকল প্রার্থী উপরের বর্ণিত ২ ও ৩-এর জন্য শিক্ষাগত যোগ্যতার কোন একটি শর্ত পূরণ করেন না, তাঁরা এমফিল প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন, যদি তাঁদের ডিগ্রী পর্যায়ে (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারী বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারী কলেজে ৩ (তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা; অথবা (খ) অনার্স পর্যায়ে বেসরকারী ডিগ্রী কলেজে অনার্স শ্রেণীতে ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা অথবা (গ) কোন স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৩ বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেই সাথে (গ)-এর ক্ষেত্রে কোন স্বীকৃত জার্নালে ন্যূনতম ২(দুই) টি গবেষণা নিবন্ধ প্রকাশিত থাকতে হবে। তবে, শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সিজিপিএ ৩.০০-এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। এই উপধারার অধীনে এমফিল প্রোগ্রামে ভর্তির অনুমতিপ্রাপ্ত প্রার্থীগণ পিএইচ ডি প্রোগ্রামে স্থানান্তরিত হতে পারবেন না।

**খ. পিএইচ ডি কোর্সে ভর্তির যোগ্যতা ঃ**

প্রার্থীর এমফিল বিধির (১) ও (২)-এর ভর্তির যোগ্যতাসহ অবশ্যই এমফিল/সমমান ডিগ্রি থাকতে হবে। তবে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ পিএইচ ডি প্রোগ্রামে ভর্তির জন্য সরাসরি প্রাথমিক আবেদনপত্র জমা দিতে পারবেন।

অথবা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ব্যতীত প্রার্থী যদি উপর্যুক্ত এমফিল বিধির (ক-এর ১, ২ ও ৩-এ বর্ণিত) শিক্ষাগত যোগ্যতা থাকে এবং তিনি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/সরকারী বৃত্তি অর্জন করেন, তাহলে তারা পিএইচ ডি প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

অথবা

এমফিল বিধির (১), (২) ও (৩)-এর শিক্ষাগত যোগ্যতাসহ (ক) পাবলিক বিশ্ববিদ্যালয়ে/বেসরকারী বিশ্ববিদ্যালয়ে (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত)/সরকারী কলেজে ৭ বছরের শিক্ষকতা অভিজ্ঞতা, অথবা (খ) অনার্স পর্যায়ের বেসরকারী ডিগ্রী কলেজে অনার্স শ্রেণীতে ৭ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা, অথবা (গ) কোন স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ৭ বছরের গবেষণা কাজের অভিজ্ঞতা এবং সেইসাথে কোন স্বীকৃত জার্নালে ন্যূনতম ৩ (তিনটি) গবেষণা নিবন্ধ প্রকাশিত হয়ে থাকলে প্রার্থী পিএইচ ডি প্রোগ্রামে ভর্তি হতে পারবেন। তবে, শিক্ষাজীবনে কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণী/সিজিপিএ ২.৫০-এর কম থাকলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

www.ru.ac.bd থেকে আবেদনপত্র ডাউন লোড করা যাবে অথবা ২০ (কুড়ি) টাকার ডাকটিকিট সংযুক্ত নিজ ঠিকানা সংবলিত খাম পাঠিয়েও ডাকযোগে ভর্তির আবেদনপত্র সংগ্রহ করা যাবে। পরিচালক, ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস, রাজশাহী বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে ১০০০/= (একহাজার) টাকার ব্যাংক ড্রাফট/জমার রশিদ, সঞ্চয়ী হিসাব নং-০৫৭৫০৭ অগ্রণী ব্যাংক, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা জমা পূর্বক প্রার্থীর সকল পরীক্ষার সনদপত্র ও মার্কস সার্টিফিকেটের সত্যায়িত কপিসহ পূরণকৃত আবেদনপত্র ***১৩ এপ্রিল, ২০১৬ তারিখের*** মধ্যে অফিসে জমা দিতে/পৌঁছাতে হবে।

চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এপ্রিল ৩০, ২০১৬ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার পর চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ৩০.০৬.২০১৬ তারিখের মধ্যে ভর্তি হতে হবে।

ভর্তির প্রাথমিক আবেদনপত্রে সরবরাহকৃত তথ্যাদি ভুল প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত
**পরিচালক**
ইনস্টিটিউট অব বায়োলজিক্যাল সায়েন্সেস

স-৪৮৩ (৯×৩)